**একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা।**
**নির্বাচন সহায়তা-২ শাখা**
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১১.১৯-২০৯ তারিখঃ ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দ্বৈত নাগরিক ও বাংলাদেশের নাগরিকত্ব অর্জনকারী বিদেশী নাগরিকদের ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এস.আর.ও. নং ৬৯-আইন/২০০৮, তারিখঃ ১৭/০৩/২০০৮ খ্রিঃ
(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এস.আর.ও. নং ২৭০-আইন/২০০৮, তারিখঃ ২৩/০৯/২০০৮ খ্রিঃ
(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এস.আর.ও. নং২৭-আইন/২০১২, তারিখঃ ২৮/০১/২০১২ খ্রিঃ
(৪) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮(৪)/৮০-৫, তারিখঃ ০৬/০১/১৯৮০ খ্রিঃ
(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং অস্পষ্ট, তারিখ ০২/০৯/১৯৯৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে The Bangladesh Citizenship (Temporary provisions) Order, 1972 (P.O. No. 149 of 1972)-এর Article 2B (2)-তে প্রদত্ত ক্ষমতা বলে সময়ে সময়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস.আর.ও বা পরিপত্রের আলোকে যুক্তরাজ্য, উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা), নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া ও ইউরোপের বিভিন্ন দেশ এবং হংকং, সিঙ্গাপুর, ব্রুনাই, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া ও জাপানের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিককে বাংলাদেশ সরকারের নিকট হইতে দ্বৈত নাগরিকত্ব সনদ গ্রহণ বিষয়ক নির্দেশনাসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | দেশের নাম | ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে দ্বৈত নাগরিকত্ব সনদ বিষয়ক নির্দেশনার বিবরণ |
|---|---|---|
| ০১ | যুক্তরাজ্য | (ক) বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী কোন বাংলাদেশের নাগরিক যুক্তরাজ্যের নাগরিকত্ব গ্রহণ করিলেও সে দেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাক্যে যদি নিজ দেশের (বাংলাদেশের) আনুগত্য প্রত্যাহার এর শপথ না থাকে, তাহা হইলে তাঁহার বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকিবে; এবং<br>(খ) উক্তরূপ পরিস্থিতিতে যুক্তরাজ্যের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিক-কে বাংলাদেশ সরকারের নিকট হইতে দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না। |
| ০২ | যুক্তরাষ্ট্র ও কানাডা | (ক) বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী কোন বাংলাদেশের নাগরিক উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণ করিলেও সে দেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাক্যে যদি নিজ দেশের (বাংলাদেশের) আনুগত্য প্রত্যাহারের শপথ না থাকে, তাহা হইলে তাঁহ'র বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকিবে; এবং<br>(খ) উক্তরূপ পরিস্থিতিতে উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিককে বাংলাদেশ সরকারের নিকট হইতে দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না। |
| ০৩ | হংকং, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্রুনাই, দক্ষিণ কোরিয়া এবং জাপান | (ক) বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী কোন বাংলাদেশের নাগরিক হংকং, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ব্রুনাই, দক্ষিণ কোরিয়া এবং জাপানের নাগরিকত্ব গ্রহণ করিলেও উক্ত দেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাক্যে যদি নিজ দেশের (বাংলাদেশের) আনুগত্য প্রত্যাহারের শপথ না থাকে, তাহা হইলে তাঁহার বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকিবে; এবং<br>(খ) উক্তরূপ পরিস্থিতিতে উক্ত দেশসমূহের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিককে বাংলাদেশ সরকারের নিকট হইতে দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না। |
| ০৪ | নিউজিল্যান্ড | বাংলাদেশী নাগরিকগণ নিউজিল্যান্ডের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশী নাগরিকদের দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না। |
| ০৫ | অস্ট্রেলিয়া | বাংলাদেশ নাগরিকত্ব (অস্থায়ী বিধানাবলী) আদেশ, ১৯৭২ এর ২ (বি) (ii) ধারার বর্ণনামতে বাংলাদেশী নাগরিকত্ব অক্ষুণ্ন থাকায়, অস্ট্রেলিয়ান নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশী নাগরিকদের দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না। |

০২। উল্লেখ্য, The Bangladesh Citizenship (Temporary provisions) Order, 1978 এর Rule 4 এর sub-rule (1A) অনুযায়ী বৈবাহিক সূত্রে বাংলাদেশের নাগরিকত্ব অর্জনকারী বিদেশী নাগরিকের ক্ষেত্রে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দ্বৈত নাগরিকত্ব সনদ দাখিল করিতে হইবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৩। প্রবাসী বাংলাদেশীদেরকে ভোটার তালিকায় নিবন্ধনে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সম্পন্ন করতে হবে এবং তাঁরা যেন কোনভাবেই হয়রানির শিকার না হন সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। এতদ্বারা নির্বাচন কমিশন সচিবালয় হতে জারিকৃত ০২ অক্টোবর ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৩.১৭-৩১২নং স্মারকটি বাতিল করা হলো।

29.8.2022

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪ ।

উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার
........................... (সকল)।

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১১.১৯-২০৯

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
০৩। প্রকল্প পরিচালক, আইডিয়া-২, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
০৫। যুগ্ম-সচিব...................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৬। সিস্টেম ম্যানেজার (আইসিটি)/কারিগরি, নির্বাচন কমিশন সচিবালয়/জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ..........................................(সকল)
০৮। উপসচিব/পরিচালক ................................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়/নিপ্রই/এনআইডি, ঢাকা
০৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার ................................................(সকল)
১০। নির্বাচন কমিশন সচিবালয়/এনআইডি/ইটিআই-এর সকল কর্মকর্তা।

সদয় জ্ঞাতার্থেঃ

০১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিঃ জেনাঃ আহসান হাবীব খান (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার বেগম রাশেদা সুলতানা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতিরজন্য)।
০৪। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আলমগীর (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। একান্তসচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ আনিছুর রহমান (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

29.8.2022

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)